

২৩. স্বপ্নের প্রহর

সারাটা ঘর অন্ধকার করে ঘুমিয়েছি যবে
তন্দ্রা ভরা নয়নে কেবলি তোমায় ভেবে ভেবে।

কল্পনায় সাতরঞ্জা পাখায়

মেলেছি ডানা তোমায় দেখার তরে,

স্বপ্নের অঘুর ঘুমে

দেখেছি তোমায় দু'নয়ন ভরে।

চাঁদনী রাতে বাতায়ন পাশে

জ্যোৎস্না তখন খেলে,

ঠিক তখন দেখেছি দু'নয়ন মেলে।

তুমি বলছো

চলো না একটু ঘুরে আসি,

আমি বলছি

তোমার গল্প বলা আমি বড়ই ভালবাসি।

না গিয়ে পারলাম না ছাড়বার পাত্র তুমি নও,

তুমি যে আমার হৃদয় বাগানের ফুটে উঠা মৌ।

অনেক খুঁজে হাতে নিলাম আমার প্রিয় বাঁশী

বললাম চল চন্দ্রা এবার ঘুরে আসি।

অনেক গল্প,অনেক কথা হলো দু'জনে

হঠাৎ তুমি গাইলে গান মধুর সুর তানে।

হাতখানি যখন রেখেছি তোমার হাতের পরে

জাগিয়া পাইনি তোমায় কেবলি অশ্রুঝরে।

মনের কাছে খবর পেলাম-

তুমি সাথী কেশবপুরে, আমি সিলেট শহর;

তোমার-আমার আসা যাওয়া সবই যে স্বপ্নের প্রহর।